সরকারি চাকরির নতুন বেতন কাঠামো

# বেতনের বাইরে নগদ টাকার বদলে সুবিধা বাড়ানোর চিন্তা

নিজস্ব প্রতিবেদক ▶

আগে একটি পরিবারে চারজন সদস্যের ব্যয় বিবেচনায় নিয়ে নতুন বেতন কাঠামোর সুপারিশ করত জাতীয় বেতন ও চাকরি কমিশন। এবার পরিবারে ছয়জনের ব্যয় বিবেচনায় নিয়ে নতুন বেতন কাঠামোর সুপারিশ করবে কমিশন। তাই নতুন কাঠামোতে বেতন-ভাতা প্রায় দ্বিগুণ হওয়ার আশা করছিল সরকারি চাকরিজীবীরা। তাতে কিছুটা হতাশার ছোঁয়া লাগিয়ে দিলেন কমিশনের চেয়ারম্যান ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। বললেন, বিভিন্ন সুবিধা নগদ টাকায় দেওয়া হলে মূল্যস্ফীতি বাড়ে। তাই বেতনের বাইরে অতিরিক্ত সুবিধাদি নগদ টাকার বদলে বিকল্প পন্থায় দেওয়ার চিন্তা করছে কমিশন।

গতকাল মঙ্গলবার অর্থ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে কমিশনের তৃতীয় সভা শেষে বাংলাদেশ ব্যাংকের সাবেক এই গভর্নর বলেন, 'আমরা সরকারি কর্মকর্তাদের কাছ থেকে সর্বোচ্চ কর্মদক্ষতার প্রয়োগ দেখতে চাই। এ জন্য তাদের উপযুক্ত বেতন-ভাতা ও অতিরিক্ত সুবিধাদি দিতে হয়। সমস্যা হচ্ছে, অতিরিক্ত সুবিধাদি টাকায় দিতে গেলে মূল্যস্ফীতি বেড়ে যায়।'

ফরাসউদ্দিন বলেন, মূল্যস্ফীতি যাতে না বাড়ে সে জন্য বেতন-ভাতার অতিরিক্ত সুবিধাদি নগদ টাকায় না দিয়ে অন্য কোনো উপায়ে দেওয়া যায় কি না সে ব্যাপারে কমিশন চিন্তাভাবনা করছে। যেমন শিক্ষা ভাতার বদলে বই-খাতাসহ শিক্ষা উপকরণ বিনা মূল্যে সরবরাহ করা, চিকিৎসা ভাতার বদলে সরকারি চাকরিজীবীদের স্বাস্থ্য বীমা ও দুর্ঘটনা বীমার আওতায় আনার কথা ভাবা হচ্ছে। ফরাসউদ্দিন আরো বলেন, 'আগামী জুন মাসে যে ▶▶ পৃষ্ঠা ৮ ক. ৪

# বেতনের বাইরে নগদ

▶▶ শেষ পৃষ্ঠার পর

বাজেট আসছে, তার আগে কমিশন তাদের সুপারিশ সরকারের কাছে দিতে পারবে না। এই কমিশনের মেয়াদ শেষ হবে আগামী ১৭ জুন। সরকারের কাছে মেয়াদ আরো ছয় মাস বাড়ানোর জন্য আমরা আবেদন করেছি। আগামী বিজয় দিবসের (১৬ ডিসেম্বর) আগে সরকারকে আমরা প্রতিবেদন দিতে চাই। প্রধানমন্ত্রী সংসদে আগামী অর্থবছরে নতুন বেতন কাঠামো কার্যকর করার কথা বলেছেন। সেই বিবেচনা থেকেই সরকার তা চূড়ান্ত করবে।'

বাংলাদেশ ব্যাংক ও চার রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের জন্য স্বতন্ত্র বেতন কাঠামো প্রসঙ্গে জানতে চাইলে তিনি বলেন, এর সঙ্গে কমিশনের কোনো সম্পর্ক নেই। এটা সরকারের ব্যাপার।

এর আগে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেকের সঙ্গে বৈঠক করে কমিশন।